গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd.

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৪৭.২১২.১৪- ৪৫২ ,                                                                       তারিখ ঃ- ৯০/০৮/২০১৬খ্রি:

বিষয়ঃ **প্রত্যেক যুব প্রশিক্ষণ কেন্দ্রে প্রদর্শণী প্লট স্থাপন/ তৈরী প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশের বিভিন্ন জেলায় যুব প্রশিক্ষণ কেন্দ্রের স্থাপনা ও জমি যথাযথ ব্যবহার হচ্ছে না। বিশেষ করে প্রশিক্ষণের সাথে সামঞ্জস্যপূর্ণ (সমন্বিত কৃষির) আকর্ষনীয় কোন প্রদর্শনী প্লট নাই। অথচ একটু উদ্যোগ নিলেই দৃষ্টিনন্দন এবং শিক্ষণীয় প্রদর্শণী প্লট গড়ে তোলা সম্ভব। যুব প্রশিক্ষণ কেন্দ্রে আগত যুব প্রশিক্ষণার্থী এবং অন্যান্য যুবকে উদ্বুদ্ধ করতেও এ ধরনের প্লট থাকা জরুরী তা বলার অপেক্ষা রাখে না। এমতাবস্থায়, প্রত্যেক কেন্দ্রের স্থাপনাগুলো পর্যায়ক্রমে যথাযথ ব্যবহারের উদ্যোগ গ্রহণসহ দ্রুততম সময়ের মধ্যে বছরজুড়ে প্রদর্শণযোগ্য সব্জি ও ফল বাগানের আকর্ষণীয় প্লট তৈরী/ স্থাপনের পরামর্শ প্রদান করা হলো।

২। এতদ্‌প্রেক্ষিতে প্রতিটি প্রশিক্ষণ কেন্দ্রে স্বল্পতম সময়ের মধ্যে (আগস্ট'১৬ মাসের মধ্যে) বছরজুড়ে প্রদর্শণযোগ্য সব্জি ও ফলের ২টি প্রদর্শণী প্লট স্থাপন করতে হবে। এ প্লটে যে গুণ ও মানসম্পন্ন সব্জি ও ফল চাষ হবে তা হতে হবে অধিক উৎপাদন ও উচ্চফলন ক্ষমতাসম্পন্ন যা সাধারণভাবে চাষাবাদ হয় না। এ ধরনের প্রদর্শণী প্লট তৈরীর উদ্দেশ্য হবেঃ

ক) প্রশিক্ষণার্থীদের সবজি ও ফল চাষে বা কৃষি বিষয়ক খামার করতে উৎসাহিত/ উদ্বুদ্ধ করা ;

খ) ঐ জনপদের দর্শণার্থীদের মনে প্রদর্শিত ফল ও সবজির প্রতি বিশেষ আগ্রহের সৃষ্টি করা, যাতে করে তারা এইসব চাযে আগ্রহী হন ;

গ) প্রশিক্ষণ কেন্দ্রে কর্মরত প্রশিক্ষকদের নতুন জাত/প্রযুক্তি এবং উদ্ভাবনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার সুযোগ সৃষ্টি ও তদানুযায়ী সক্ষমতা বৃদ্ধি করা ;

ঘ) যুব প্রশিক্ষণ কেন্দ্রগুলোর সার্বিক মান ও সৌন্দর্যের উন্নয়ন ঘটানো এবং

ঙ) জমির সঠিক ব্যবহারের মাধ্যমে প্রশিক্ষণ কেন্দ্রগুলোর উৎকর্ষতা বৃদ্ধি করা।

৩। এ প্লট ২টিতে চাষযোগ্য জাত (Variety) নির্বাচনে নিম্নোক্ত বিষয় বিচেনায় নিতে হবে ঃ
(ক) অধিকতর খাটজাত (Dwarfvariety) ;
(খ) স্বল্প স্থানে কমসংখ্যক চারা/ গাছ রোপন করে বেশী ফলন পাওয়া যায় এমন উচ্চ ফলনশীলজাত ;
(গ) দৃষ্টিনন্দন এবং
(ঘ) পুষ্টি সমৃদ্ধ জাত।

৪। প্রত্যেক কেন্দ্রের প্রদর্শণী প্লটের লে-আউট ডিজাইন একই রকম রাখার স্বার্থে কৃষি বিষয়ক অভিজ্ঞদের পরামর্শক্রমে সব্জি বাগানের জন্য ১৩ মিটার × ৫ মিটার এবং ফল বাগানের জন্য ৬ মিটার × ৮মিটার জমি ব্যবহারের একটি পরিকল্পনা তৈরী করা হয়েছে (সংযুক্ত)। সব্জি বাগান তৈরী ও পরিচর্যার অন্যতম দিক হবে বিদ্যমান সব্জির মৌসুম শেষে পরবর্তী সব্জি লাগানোর জন্য সর্বোচ্চ ১৫দিন সময় ব্যয় করা যাবে। এরই মধ্যে অবশ্যই জমি প্রস্তুতিসহ নতুন সব্জি প্রতিস্থাপিত হতে হবে। অর্থাৎ কোনভাবেই এই প্লট পরিত্যাক্ত অবস্থায় রাখা যাবে না (যা বর্তমানে কোথাও কোথাও রয়েছে/থাকে)। বর্ষাকালে এ প্লটে বা আশেপাশে যেন পানি না জমে সেদিকে নজর দিয়ে নালা (Drainage) তৈরী করতে হবে। কোন কোন ক্ষেত্রে প্লটের জায়গা ভিটে মাটি দিয়ে উন্নয়নের প্রয়োজন হলে তাও করে নিতে হবে। খরচ কমানোর লক্ষ্যে সম্ভাব্য ক্ষেত্রে ২টি প্লটকে পাশাপাশি রেখে কমন ফেন্সিং (সিমেন্টের খুঁটি ও জিআই তার ব্যবহার করে তৈরী) এর মধ্যে রাখার বিষয় বিবেচনায় নিতে হবে। কেন্দ্রের নিজস্ব কর্মকর্তাগণের পাশাপাশি স্থানীয় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ হর্টিকালচার সেন্টার এর পরামর্শ ও সহায়তা নিয়ে এ উদ্যোগ বাস্তবায়ন করা সমীচিন হবে।

পাতা/২

৫। **অর্থের সংস্থান ও ব্যবহারঃ**

ক) প্লট তৈরীর জন্য প্রতি কেন্দ্রের অনুকূলে উপ-পরিচালক/কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর বরাবর (সিবিটি কার্যক্রমভূক্ত ১৫টি বাদে) ২৫০০০/- টাকা বরাদ্দ প্রদানের ব্যবস্থা নেয়া হয়েছে (যা চলতি বছরের বরাদ্দে সংস্থান করা হবে)।

খ) বরাদ্দকৃত অর্থ রিভলবিং তহবিলে আলাদাভাবে যুক্ত হবে এবং আলাদাভাবে হিসাব নিকাশ সংরক্ষিত হবে।

গ) বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৩০ ভাগ স্থায়ী কাজে (ফেন্সিং, ড্রাম, খুঁটি, ভূমি উন্নয়ন ইত্যাদি কাজে) ব্যবহৃত হবে। বাকী অর্থ রিভলবিং পদ্ধতিতে প্লটে ব্যবহার হবে।

ঘ) সিবিটি কার্যক্রমভূক্ত ১৫টি কেন্দ্র তাদের রিভলবিং ফান্ড তহবিল হতে ২৫০০০/- টাকা আলাদা করে নিয়ে নির্দেশনা মাফিক প্লট স্থাপন করবে।

৬। **কমিটি গঠন এবং অর্থ ও প্লট ব্যবস্থাপনা ঃ**

ক) রাজস্বখাতভূক্ত ২১টি কেন্দ্রে নিম্নোক্তভাবে কমিটি গঠন করতে হবে ঃ

| | | |
|---|---|---|
| i) কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর | - | সভাপতি |
| ii) সহকারী পরিচালক(প্রশিক্ষণ) | - | সদস্য |
| iii) সিনিয়র প্রশিক্ষক (যুপ্রকে) | - | সদস্য সচিব |

খ) সমাপ্ত প্রকল্পভূক্ত ৩৩টি কেন্দ্রে নিম্নোক্তভাবে কমিটি গঠন করতে হবে ঃ

| | | |
|---|---|---|
| i) উপ-পরিচালক | - | সভাপতি |
| ii) সিনিয়র প্রশিক্ষক/ সহকারী প্রশিক্ষক (সংশ্লিষ্ট বিষয়) | - | সদস্য |
| iii) ডেপুটি কো-অর্ডিনেটর | - | সদস্য সচিব। |

বর্ণিত কমিটি সর্বদিক বিবেচনা করে কেন্দ্রের অভ্যন্তরে প্রদর্শণী প্লটের জন্য সর্বোত্তম জায়গা নির্বাচনপূর্বক প্লট তৈরী/ স্থাপনসহ পরিচর্যা, সার্বক্ষণিক তদারকি এবং আয়-ব্যয় নিয়ন্ত্রণ ও পরিবীক্ষণ করবেন।

সংযুক্তিঃ ১। প্রদর্শণী প্লটের লে-আউট ডিজাইন-৪(চার) পাতা।
২। ব্যয় বিভাজন-০১(এক) পাতা।

(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোনঃ ৯৫৫৯৩৮৯
E-mail: dgdydhq@gmail.com

প্রাপকঃ

০১। উপ-পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
................................ (সকল জেলা)।

০২। কো-অর্ডিনেটর
যুব প্রশিক্ষণ কেন্দ্র
যুব উন্নয়ন অধিদপ্তর
.................................. সংশ্লিষ্ট জেলা (১০টি)।

০৩। ডেপুটি কো-অর্ডিনেটর
যুব প্রশিক্ষণ কেন্দ্র
যুব উন্নয়ন অধিদপ্তর
.................................. সংশ্লিষ্ট জেলা (৪৪টি)।


অনুলিপিঃ

০১। উপ-সচিব(যুব-২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সহকারী পরিচালক, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

০৩। অফিস কপি।

## যুব প্রশিক্ষণ কেন্দ্রের সারা বছর ধরে শাক-সবজি চাষের প্রদর্শনী প্লটের লে-আউট ও পরিমাপ -





নোটঃ প্রতিটি বেডের প্রস্থ = ১ মিটার বা ২ হাত এবং দৈর্ঘ্য = ৫ মিটার বা ১০ হাত । ২টি বেডের মাঝখানে নালা = ০.৫ মিটার । এই ভাবে আমরা কমপক্ষে ৫টি বেড তৈরী করে সারা বছর যেন বেডে শাক-সবজি থাকে ।

প্রতিটি বেডে শাক-সবজি চাষের নমুনাঃ


| ক্রমিক নং | বেড | কোন ধরনের সবজির চাষ করব? |
|---|---|---|
| ১. | ১ম বেড | টমেটো (গ্রীষ্মকালীন ও শীতকালিন) সারা বছর চাষ করা এমন জাত( মিন্টু, চেরী, অনুপমা, মারর্বেল ইত্যাদি) |
| ২. | ২য় বেড | মরিচ/ মিষ্টি মরিচ (ক্যাপসিকাম) সারা বছর |
| ৩. | ৩য় বেড | চায়না বাটি/লেটুস, লালশাক, গীমা-কলমী শাক ( মৌসুম ভিত্তিক শাক চাষ) |
| ৪. | ৪র্থ বেড | ব্রোকলি/ফুলকপি,স্কোয়াশ(শীতকালে) এবং বরবটি/ ডাটা (গ্রীষ্মকালে) |
| ৫. | ৫ম বেড | বেগুন/ঢেড়শ (গ্রীষ্মকালিন ও শীতকালিন) |

নোটঃ উপরে উল্লেখিত শাক-সবজি চাষের নমুনা ছাড়াও নিজ নিজ জেলার প্রশিক্ষনার্থীদের আকর্ষনীয় ও চাহিদা মোতাবেক শাক সবজি চাষ করা যেতে পারে। যেমন- বেগুন, ক্যাপসিকাম, মাশরুম, গাজর, লেটুস, পেঁপে মূলা, বিট ইত্যাদি।

ফলচাষ প্রদর্শনী প্লটের বর্গাকার পদ্ধতিতে লে-আউট



ফল বাগান তৈরির জন্য একটি নমুনার নকশা দেওয়া হলোঃ




নোটঃ
এখানে , লাল রং গুলো এক একটি পিট বা গর্ত যার, পিট-পিট = ২ মিটার বা ৪ হাত এবং সারি-সারি = ২ মিটার বা ৪ হাত অর্থাৎ বর্গাকার পদ্ধতিতে ১২ টি পিটে ফল গাছ লাগানো হয়েছে।

নোটঃ উপরে উল্লেখিত ফল বাগান নকশার নমুনা ছাড়াও নিজ নিজ জেলার প্রশিক্ষনার্থীদের আকর্ষনীয় ও চাহিদা মোতাবেক ফলের গ্রাফটেড চারা(খাটো প্রকৃতির) সংগ্রহ করা যেতে পারে। যেমন- থাই করচা, আলু বুখারা, মিষ্টি তেঁতুল, কদবেল, আঙ্গুর, রাম্বুটান ইত্যাদি।

## সবজি ও ফল বাগান তৈরীর সম্ভাব্য ব্যয়ঃ

| ক্রমিক নং | প্রয়োজনীয় উপকরণ | টাকার পরিমান |
|---|---|---|
| | **ফল বাগানের সম্ভাব্য ব্যয়ঃ** | |
| ০১ | ভূমি প্রস্তুত/ উন্নয়ন | ২০০০/- |
| ০২ | ফলের চারা সংগ্রহ | ৪০০০/- |
| ০৩ | খুটি(বাঁশ/কনক্রিট খুটি/টায়ার/রড/টব/চারি) | ৩০০০/- |
| ০৪ | পরিচর্যা(সার, কীটনাশক) | ১৫০০/- |
| | মোট ব্যয় | ১০৫০০/- |
| | সবজি বাগানের সম্ভাব্য ব্যয় ঃ | |
| ০১ | ভূমি প্রস্তুত/ উন্নয়ন | ২৫০০/- |
| ০২ | বীজ/চারা | ১৫০০/- |
| ০৩ | পরিচর্যা(সার, কীটনাশক) | ২৫০০/- |
| ০৪ | পলিথিন/মশারী | ১০০০/- |
| | মোট ব্যয় | ৭৫০০/- |
| | দুটি প্লটের স্থায়ী বেড়া নির্মাণ বাবদ | ৭০০০/- |
| | সর্বমোট | ২৫০০০/- |

সবজি ও ফল বাগান তৈরীর সম্ভাব্য মোট ব্যয়ঃ ২৫০০০/-( পঁচিশ হাজার ) টাকা